



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



স্মারক নং: ঢাশিবো/বি/জেএসসি/এসএসসি-রেজি:/৭৯৭

তারিখ: ০৪/০৭/২০২৩

জরুরি বিজ্ঞপ্তি

বিষয়: ২০২২ সালে ৮ম শ্রেণিতে অধ্যয়নকৃত বাদ পড়া প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনকরণ প্রসঙ্গে।

সূত্র: বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বর্তমানে ২০২৩ সালে ৯ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান আছে। তবে লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু কিছু প্রতিষ্ঠান ২০২২ সালে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে পারেননি বলে আবেদন করেছেন। ফলে ঐসকল বাদ পড়া প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ২০২৩ সালে ৯ম শ্রেণিতে রেজিস্ট্রেশন কার্যক্রম করতে গিয়ে জটিলতা দেখা দিয়েছে। এমতাবস্থায়, উক্ত শিক্ষার্থীদের মানবিক দিক বিবেচনা করে ২০২৩ সালে ৯ম শ্রেণিতে রেজিস্ট্রেশন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে আগামী ০৬/০৭/২০২৩ হতে ১০/০৭/২০২৩ তারিখ পর্যন্ত পূর্বনির্ধারিত ফি জমাদানপূর্বক অনলাইনে ২০২২ সালে ৮ম শ্রেণিতে অধ্যয়নকৃত উক্ত বাদ পড়া প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/-

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক: অধ্যক্ষ/প্রধান শিক্ষক

বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান

মেমো নং-৭৯৭(১২)

তারিখ: ০৪/০৭/২০২৩

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ২। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৪। জেলা প্রশাসক, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা
- ৫। উপ-পরিচালক (হিঃ ও নিঃ), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৬। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ৮। জেলা শিক্ষা অফিসার, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা
- ৯। উপজেলা নির্বাহী অফিসার, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ১১। পিএস-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- ১২। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।